

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
প্রশাসন শাখা



জরুরি

www.doict.gov.bd

আইসিটি টাওয়ার (১১ তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০৮.২৩.০০২.১৭.১০০৭

তারিখ: ২২ শ্রাবণ ১৪২৭

০৬ আগস্ট ২০২০

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২০ পালন উপলক্ষে করণীয় প্রসঙ্গে।

সূত্র: ৫৬.০০.০০০০.০১৬.২৩.০০১.১৮.৭৯; তারিখ: ০৩ আগস্ট ২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২০ যথাযোগ্য মর্যাদায় পালনের নিমিত্ত নিম্নলিখিত নির্দেশনা অনুসরণ করতে হবে।

(ক) জেলা/উপজেলা কর্তৃক আয়োজিত সকল অনুষ্ঠানে সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

(খ) আগামী ১৫.০৮.২০২০ সকাল সন্ধ্যায় জেলা/উপজেলা অফিস প্রাঙ্গণে বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ প্রচার করতে হবে। সংশ্লিষ্ট ইউনিয়ন ডিজিটাল সেন্টার (ইউডিসি)-এর উদ্যোক্তাদের মাধ্যমে বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(গ) আইসিটি বিভাগের অধীনে বাস্তবায়নধীন "লার্নিং এন্ড আর্নিং ডেভেলপমেন্ট" এবং "মোবাইল গেইম ও এপ্লিকেশন-এর দক্ষতা উন্নয়ন" শীর্ষক প্রকল্প কর্তৃক সারা দেশে স্থাপিত বিলবোর্ডের মাধ্যমে জাতীয় শোক দিবসের কর্মসূচি ব্যাপকভাবে প্রচারের ক্ষেত্রে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করতে হবে।

(ঘ) জাতীয় শোক দিবসের ভারুয়াল কর্মসূচি পালনের ক্ষেত্রে স্থানীয় প্রশাসনকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করতে হবে।

(ঙ) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে আয়োজিত ভারুয়াল আলোচনা সভা ও দোয়া মাহফিল-এ আইসিটি অধিদপ্তরের জেলা/উপজেলা অফিসমূহের সকল কর্মকর্তা/কর্মচারীকে অংশগ্রহণ করতে হবে। উক্ত ভারুয়াল আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠানটি আগামী ২৩/০৮/২০২০ তারিখে অনুষ্ঠিত হতে পারে। এতদ্বিষয়ে বিস্তারিত পরবর্তীতে জানানো হবে।

(চ) করোনা ভাইরাসজনিত রোগ কোভিড-১৯ রোধকল্পে মন্ত্রিপরিষদ বিভাগের গত ০৩/০৮/২০২০ তারিখে জারীকৃত শর্তসাপেক্ষে সার্বিক কার্যাবলী সম্পাদন করতে হবে।

০২। বিষয়টি অতীব জরুরী।

৬-৮-২০২০

এ. বি. এম. আরশাদ হোসেন

মহাপরিচালক

ফোন: +৮৮ ০২-৪১০২৪০৭২

ফ্যাক্স: +৮৮ ০২-৫৫০০৬৮৮২

ইমেইল: dg@doict.gov.bd

বিতরণ :

১) প্রোগ্রামার (জেলা) সকল

২) সহকারী প্রোগ্রামার (সকল) উপজেলা

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০৮.২৩.০০২.১৭.১০০৭/১(৫৬১)

তারিখ: ২২ শ্রাবণ ১৪২৭

০৬ আগস্ট ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:


১) বিভাগীয় কমিশনার (সকল)

২) জেলা প্রশাসক (সকল)

৩) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

৪) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

৫) উপজেলা নির্বাহী অফিসার (সকল)



৬-৮-২০২০

মোঃ আমিরুল ইসলাম

উপ-পরিচালক